

এই প্রকল্প তথ্যপত্রটি ২৯ জুলাই ২০১৪ তারিখে প্রণীত ইংরেজী সংস্করণ থেকে অনূদিত



প্রকল্প তথ্যপত্র

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সারসংক্ষেপ থাকে: পিডিএস একটি চলমান কার্যক্রম হওয়ায় এর প্রাথমিক সংস্করণে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে। তবে সেগুলো পাওয়া মাত্রই যুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্য সম্ভাব্য ও নির্দেশনামূলক হয়ে থাকে।

পিডিএস তৈরির তারিখ -

পিডিএস হালনাগাদ মে
পর্যন্ত ১১ জুন ২০১৪

প্রকল্পের নাম কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়ন বিনিয়োগ কার্যক্রম

দেশ বাংলাদেশ

প্রকল্প/কর্মসূচি নম্বর ৪২৪৬৬-০১৪ (42466-014)

অবস্থা অনুমোদিত

ভৌগোলিক অবস্থান -

এই নথিপত্রে কোনো দেশের কর্মসূচি বা কৌশল তৈরি করা, কোনো প্রকল্পে অর্থায়ন, অথবা নির্দিষ্ট একটি অঞ্চল বা ভৌগোলিক এলাকার উদাহরণ প্রদান বা সংজ্ঞায়নের সময়, ওই অঞ্চল বা এলাকার আইনী বা অন্য কোনো ধরনের মূল্যায়ন করা এশীয় উন্নয়ন ব্যাংকের উদ্দেশ্য নয়।

খাত এবং/অথবা উপখাত শিক্ষা/শিক্ষা
শ্রেণি বিভাজন

বিষয়ভিত্তিক শ্রেণি -
বিভাজন

জেন্ডার মূলধারাকরণ বিষয় হিসাবে জেন্ডার সমতা
শ্রেণিবিভাজন

■ অর্থায়ন

সহায়তার ধরন/ক্রিয়াপদ্ধতি	অনুমোদন নম্বর	অর্থায়নের উৎস	অনুমোদনকৃত অর্থের পরিমাণ (হাজারে)
ঋণ	০০৮১	এশীয় উন্নয়ন তহবিল	৩৫০,০০০
ঋণ	০০৮১	সুইস অনুদান (সহ-অর্থায়ন)	৩০,০০০
-	-	সহযোগীর অর্থায়ন	২৯০,০০০
মোট			মার্কিন ডলার ৬৭০,০০০

■ সুরক্ষা ব্যবস্থার শ্রেণিবিভাগ

সুরক্ষা ব্যবস্থার শ্রেণিবিভাগ সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন <http://www.adb.org/site/safeguards/safeguard-categories>

পরিবেশগত	-
অনৈচ্ছিক পুনর্বাসন	-
আদিবাসী জনগোষ্ঠী	-

■ পরিবেশগত ও সামাজিক ইস্যুসমূহের সারসংক্ষেপ

পরিবেশগত দিকসমূহ
শ্রেণি-গ

অনৈচ্ছিক পুনর্বাসন
শ্রেণি-গ

আদিবাসী জনগোষ্ঠী
শ্রেণি-খ

■ অংশীদারগণের যোগাযোগ, অংশগ্রহণ ও আলোচনা

প্রকল্প নকশাকালীন

এই প্রকল্পের প্রস্তুতির সময়ে এর অংশীদারদের সাথে পরামর্শ করা হয়েছে। যেসব অংশীদারের সাথে পরামর্শ করা হয়েছে তাদের মধ্যে রয়েছে TVET-এর নিয়ন্ত্রণী পরিচালকবর্গ, শ্রম বাজার পরিচালনার দায়িত্বপূর্ণ সংস্থাসমূহ, শিল্পকারখানা ও অন্যান্য নিয়োগকারীবৃন্দ, এবং TVET-এর আওতাভুক্ত ব্যক্তি-মালিকানাধীন ও বেসরকারী সংস্থাসমূহ। প্রশিক্ষণের গুণগত মান বাড়ানোর লক্ষ্যে এই কর্মসূচি অন্যান্য অংশীদারদের নিকট থেকে পরামর্শ চাইবে যেমন ট্রেড ইউনিয়ন, TVET-এর নতুন ছাত্র-ছাত্রী, TVET-এর স্নাতক, মাতা-পিতা, এবং আন্তর্জাতিক নিয়োগকর্তাগণ, এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। একইভাবে, শিল্প সমবায়, সরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের আওতাভুক্ত ক্ষুদ্র ও মাঝারি শিল্প সমবায়, এবং পল্লী-কর্ম সহায়ক ফাউন্ডেশন যারা ২০০টিরও বেশী বেসরকারী সংস্থার সাথে সহযোগিতায় সম্পৃক্ত হয়েছে।

প্রকল্প বাস্তবায়নকালীন

কার্যক্রম বাস্তবায়ন কালে নিয়মিতভাবে পরামর্শ গ্রহণ চলমান থাকবে। এর উদ্দেশ্য হবে শুধু কার্যক্রম সংক্রান্ত ক্ষেত্র চিহ্নিত করা নয় বরং এই কার্যক্রমের লক্ষ্য অর্জনের বিষয়ে স্থানীয় জনসাধারণ কীভাবে দেখছে সে বিষয়ে মতামত গ্রহণ করা। প্রকল্প বাস্তবায়নে পরামর্শকদের সংলাপ, কর্মশালা, প্রশিক্ষণ কার্যক্রম, এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন থেকে প্রাপ্ত অনুসন্ধানী তথ্য প্রচারের মাধ্যমে সুশীল সামাজিক সংস্থাসমূহের পর্যাপ্ত অংশগ্রহণ নিশ্চিত করা হবে।

■ বর্ণনা

বাংলাদেশ সরকারের জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP), ২০১১-এ নির্ধারিত দক্ষতা উন্নয়ন বিষয়ক সংস্কার সাধনে এই বিনিয়োগ কার্যক্রমের আওতায় সহায়তা দেয়া হবে। বৃহৎ পরিসরে ব্যক্তিমালিকানাধীন খাতের অংশগ্রহণ এবং সরকারী-বেসরকারী অংশীদারিত্বকে সমর্থন দেবে যা বিদ্যমান এবং ভবিষ্যৎ শ্রম বাজারের চাহিদা মেটানো এবং দক্ষতার ঘাটতি কমানোর ক্ষেত্রে জরুরী হবে। একটি মধ্য আয়ের দেশে পরিণত হতে গেলে বাংলাদেশকে ‘কম দক্ষতা ও কম মজুরী’র অবস্থা থেকে সরে গিয়ে ‘উচ্চ দক্ষতা ও উচ্চ মজুরীর উন্নত চক্রে’ প্রবেশ করা জরুরী। এই বিনিয়োগ কার্যক্রমের আওতায় অগ্রাধিকার খাতগুলোতে উচ্চ প্রবৃদ্ধি এনে দিতে নবীনদেরকে প্রশিক্ষিত করা এবং বিদ্যমান কর্মীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে দক্ষতা কার্যক্রম সম্প্রসারণে সরকারকে সহায়তা দেয়া হবে। একটি সমন্বিত অর্থায়ন পদ্ধতি প্রতিষ্ঠা এবং বিদ্যমান খণ্ড খণ্ড পদ্ধতির মধ্যে সার্বিক সমন্বয় জোরদার করার মাধ্যমে বাংলাদেশে দক্ষতা উন্নয়ন শক্তিশালী হবে এবং খাতব্যাপী পন্থা (SWAp) পরিগ্রহণ সহজতর হবে।

■ প্রকল্পের যৌক্তিকতা ও দেশ/আঞ্চলিক কৌশলের সঙ্গে এর সম্পর্ক

২০০৩ সাল থেকে বাংলাদেশের অর্থনীতি দ্রুত প্রায় ৬ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে যা ১৯৯০ সালে ছিলো ৫ শতাংশ। মাথাপিছু দারিদ্র্যসূচক ১৯৯২ সালে ৫৭ শতাংশ থেকে তীক্ষ্ণভাবে কমে ২০১০ সালে ৩১ শতাংশে দাঁড়িয়েছে। সামাজিক সূচকগুলোতেও তাৎপর্যপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে বিশেষত নারীদের বিষয়ে। তবে, সন্তোষজনক অগ্রগতি স্বত্বেও ২০১০ সালের শ্রমশক্তি জরিপে উঠে এসেছে, শ্রমশক্তির ৬০ শতাংশেরও বেশীর মধ্যে হয়তো একবারেই শিক্ষা নেই (৪০%) নয়তো কেবল প্রাথমিক স্তর পর্যন্ত শিক্ষা রয়েছে (২২.৮%) এবং প্রতিবছর প্রায় ২০ লক্ষ যুবশ্রেণি শ্রমবাজারে প্রবেশ করে। মজুরদের মধ্যে দিনপ্রতি মজুরী কম রয়েছে- দিনমজুরদের মধ্যে কর্মী প্রতি গড় মজুরী প্রতিদিন ২০০ টাকা এবং গার্মেন্টস শ্রমিকদের মধ্যে প্রতি মাসে ৩,৫০০ টাকা। জাতীয় শিক্ষানীতি ও জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার (NSDP) অনুমোদনের মধ্য দিয়ে সরকার শিক্ষা ও প্রশিক্ষণ ক্ষেত্রে প্রধান সংস্কার কাজে প্রবেশ করেছে। জাতীয় শিক্ষানীতিতে সার্বিকভাবে শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ে জোর দেয়া হয়েছে এবং জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালায় দক্ষতা উন্নয়নের গুরুত্বের কথা পুনর্ব্যক্ত হয়েছে এবং এর মাধ্যমে নীতিমালা ও প্রাতিষ্ঠানিক সংস্কারের মূল বিষয়টি উঠে এসেছে। ২০০০ সাল থেকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরে জেন্ডার সমতা অর্জন করেছে। শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ ২০০৩ সালে প্রায় ২৬ শতাংশ থেকে বেড়ে ২০১০ সালে ৩৬ শতাংশ হয়েছে। নির্ভরশীলতার অনুপাত ১৯৭৪ সালে ১০৮ শতাংশ থেকে নেমে ২০১০ সালে ৬৬ শতাংশে এসে দাঁড়ানোর ফলে দেশের জন্য একটি ভালো সুযোগ সৃষ্টি হয়েছে যার ফলে আগামী তিন দশকে কর্মজীবী মানুষের অংশ বৃদ্ধি পাবে। তবে এই সুযোগকে কাজে লাগানো সম্ভব হবে না যদি না উচ্চ মানসম্পন্ন শিক্ষাদানের পাশাপাশি চারগুণ দক্ষতা বৃদ্ধি এবং/বা শ্রমশক্তির দক্ষতা উন্নয়নে জরুরী বিনিয়োগ করা হয়। জরুরী বিনিয়োগ করা হলে প্রত্যাশা অনুযায়ী শ্রমশক্তির উন্নয়ন ২০১০ সালে ৫ কোটি ৬৭ লক্ষ থেকে বেড়ে ২০২৫ সালে ৭ কোটি ৮০ লক্ষে পৌঁছাবে। প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-এ ২০২১ সাল নাগাদ দারিদ্র্যের হার অর্ধেকে নামিয়ে আনা'সহ বাংলাদেশ একটি মধ্য আয়ে দেশে পরিণত হবার প্রত্যাশা ব্যক্ত করেছে। অর্থনৈতিক প্রবৃদ্ধি গতিশীল করে বর্তমান ৬% থেকে ৮% বা তদোর্ধ্ব মাত্রায় নিয়ে যাবার লক্ষ্যে সরকারকে অবশ্যই এর অন্যতম প্রধান অন্তরায় হিসাবে দক্ষতার ঘাটতি পূরণ করতে হবে। দক্ষতা উন্নয়নে একটি দ্বিমুখী পন্থা গ্রহণ করা আবশ্যিক। প্রথমত, ভিত্তিমূলক দক্ষতার মধ্যে এই পন্থা অন্তর্ভুক্ত করতে হবে যাতে উচ্চ মান সম্পন্ন শিক্ষাদানের সাথে সংশ্লিষ্ট পেশামূলক ও কারিগরী দক্ষতার সমন্বয় সাধনের মাধ্যমে জনসংখ্যাগত সুফল পাওয়া সম্ভব হয়। দ্বিতীয়ত, এর জন্য প্রয়োজন বর্তমান বার্ষিক প্রশিক্ষণ সক্ষমতা ৪ থেকে ৮ গুণ বৃদ্ধি করা যাতে (ক) গড় গৃহস্থালী আয় বৃদ্ধিতে অবদান রাখার মাধ্যমে শ্রম শক্তির উৎপাদনশীলতা বৃদ্ধি করে উচ্চ গড় প্রবৃদ্ধি (জিডিপি) অর্জন সম্ভব হয় এবং (খ) ১০ বছরের মধ্যে রপ্তানীর পরিমাণ দ্বিগুণ করা, (গ) উচ্চতর দক্ষতার বিপরীতে মাথাপিছু বৈদেশিক মুদ্রা আয় বা রেমিট্যান্স আয় দ্বিগুণ করা, এবং (ঘ) বাণিজ্য সহজিকরণ এবং শিল্পায়ন'সহ অর্থনৈতিক বৈচিত্র্য উৎসাহিত করা।

■ উন্নয়ন প্রভাব

১৫ ও তদোর্ধ বয়সের কর্মরত মানুষের আয় ও উৎপাদনশীলতা বৃদ্ধি

■ প্রকল্পের প্রভাব

প্রভাবের বিবরণ

উন্নয়ন প্রভাবের পথে অগ্রগতি

অগ্রাধিকার খাতগুলোতে কর্মসংস্থান বৃদ্ধি এবং পুরুষ ও নারীদের দক্ষতা বৃদ্ধি

■ ফলাফল এবং বাস্তবায়নের অগ্রগতি

প্রকল্পের ফলাফলের বিবরণ

বাস্তবায়নের অগ্রগতি (ফলাফল, কর্মকাণ্ড এবং বিষয়সমূহ)

বাজার প্রতিযোগিতামূলক সার্বিক দক্ষতামূলক - প্রশিক্ষণ পদত। গুণগত মানের নিশ্চয়তা বিধান জোরদারকৃত। প্রতিষ্ঠানসমূহ জোরদারকৃত। ফলপ্রসূ কর্মসূচী ব্যবস্থাপনা।

উন্নয়ন প্রকল্পসমূহের অবস্থা

বাস্তবিক পরিবর্তন

-

-

■ ব্যবসায়িক সুযোগসমূহ

প্রথম তালিকাভুক্তির তারিখ

১৮ ফেব্রুয়ারি ২০১৪

পরামর্শক সেবাসমূহ

এডিবি'র পরামর্শক ব্যবহার বিষয়ক নির্দেশনা (২০১৩, সময়ানুযায়ী সংশোধিত) অনুসরণপূর্বক সকল পরামর্শক নির্বাচন করা হবে। এই কর্মসূচি যেহেতু এডিবি'র বিশেষ তহবিলের আওতায় অর্থায়ন করা হচ্ছে এবং সুইজারল্যান্ড সরকারের পক্ষ থেকে সহ-অর্থায়ন

প্রক্রিয়ার প্রশাসন পরিচালনাও এডিবি করবে, তাই এডিবি'র সদস্য রাষ্ট্রসমূহের যোগ্যতা সংক্রান্ত বিধি-নিষেধ এই কর্মসূচির ক্ষেত্রে প্রযোজ্য হবে না। নির্ধারিত বিষয়ে এবং দক্ষতার ক্ষেত্রগুলোতে দক্ষতা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নির্বাহী প্রতিষ্ঠান কর্তৃক একক উৎস নির্বাচন (single source selection) প্রক্রিয়া অনুসরণের মাধ্যমে সর্বোচ্চ নয়টি শিল্প সমবায় প্রতিষ্ঠান এবং PKSF-এর সাথে চুক্তি করা হবে।

ক্রয়

এই বিনিয়োগ কর্মসূচিতে সকল মালামাল, কাজ এবং পরামর্শক সেবা সরকার কর্তৃক ক্রয় করা হবে। এডিবি'র ক্রয় বিষয়ক নির্দেশনা (২০১৩, সময়ানুযায়ী সংশোধিত) অনুসরণপূর্বক মালামাল ও নির্মাণকাজ ক্রয় করা হবে। ১০ লক্ষ ডলারের অধিক মূল্যের মালামাল এবং ২০ লক্ষ ডলারের অধিক মূল্যের কাজ আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র আহ্বান এবং এডিবি'র প্রমিত দরপত্র আহ্বানের নথিপত্র ব্যবহারের মাধ্যমে ক্রয় করা হবে এবং এগুলো প্রাক পর্যালোচনার মাধ্যমে করা হবে। আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্রের আবশ্যিকতার চেয়ে কম মূল্যের মালামাল ও কাজ সরকার ও এডিবি'র এর মধ্যে সম্মত পরিবর্তন সাপেক্ষে সরকারের ক্রয় আইন (২০০৬) এবং সরকারী ক্রয় নিয়মাবলী (২০০৮) অনুসরণপূর্বক ক্রয় করা হবে।

ক্রয় ও পরামর্শক বিজ্ঞপ্তিসমূহ

<http://www.adb.org/projects/42466-014/business-opportunities>

■ সময়সূচি

ধারণাপত্রের ছাড়	১৮ নভেম্বর ২০১৩
তথ্য-আহরণ	২৯ সেপ্টেম্বর ২০১৩ থেকে ১১ অক্টোবর ২০১৩
ব্যবস্থাপনা পর্যালোচনা সভা	০৪ ফেব্রুয়ারি ২০১৪
অনুমোদন	১৯ মে ২০১৪
সর্বশেষ পর্যালোচনা উদ্যোগ	-

■ মাইলফলক

অনুমোদন নম্বর	অনুমোদন	সাক্ষর	কার্যকারিতা	সমাপ্তি		
				মৌলিক	সংশোধিত	প্রকৃত
-	-	-	-	-	-	-

■ ব্যবহার

তারিখ	অনুমোদন নম্বর	এডিবি (মার্কিন ডলার হাজারে)	অন্যান্য (মার্কিন ডলার হাজারে)	নিট শতকরা হার
সর্বমোট চুক্তি স্বাক্ষর				
-	-	-	-	-
সর্বমোট অর্থ ছাড়				
-	-	-	-	-

■ চুক্তির শর্তসমূহের অবস্থা

চুক্তির শর্তগুলোকে নিচের শ্রেণিবিভাগ অনুসারে সাজানো হয়েছে- নিরীক্ষিত হিসাবসমূহ, সুরক্ষা ব্যবস্থাসমূহ, সামাজিক, খাত, আর্থিক, অর্থনৈতিক ও অন্যান্য। চুক্তির শর্তপালনের মাত্রা নিম্নলিখিত শ্রেণিগুলোতে মূল্যায়ন করা হয়েছে: ক) সন্তোষজনক- এই শ্রেণিতে অন্তর্ভুক্ত সকল চুক্তিএর সব শর্তপালন করেছে; যেখানে সর্বোচ্চ একটি ব্যতিক্রম গ্রহণযোগ্য হবে,খ) আংশিক সন্তোষজনক- সর্বোচ্চ দুইটি শর্তপালনে ব্যর্থ হয়েছে এমন সব চুক্তি এই শ্রেণিতে পড়বে,গ) সন্তোষজনক নয়- যেসকল চুক্তি তিন বা তারও অধিক শর্তপালনে ব্যর্থ হবে সেগুলো এই শ্রেণিতে পড়বে। ২০১১ সালের গণযোগাযোগ নীতিমালা অনুযায়ী প্রকল্পের আর্থিক বিবরণীর জন্য চুক্তির শর্তপালনের নির্দেশনাসমূহ শুধু সেসব প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে যেগুলোর সমঝোতা-আলোচনার আমন্ত্রণপ্রস্তাব ২০১২ সালের ২ এপ্রিলের পরে দেয়া হয়েছে।

অনুমোদন নম্বর	শ্রেণি বিভাজন						প্রকল্পের আর্থিক বিবরণী
	খাত	সামাজিক	আর্থিক	অর্থনৈতিক	অন্যান্য	সুরক্ষাব্যবস্থা	
ঋণ ০০৮১	-	-	-	-	-	-	-

■ যোগাযোগ ও হালনাগাদের বিবরণী

এডিবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	ব্রজেশ পান্থ (bpanth@adb.org)
--------------------------------------	-------------------------------

এডিবি'র দায়িত্বপ্রাপ্ত বিভাগ	দক্ষিণ এশিয়া বিভাগ
-------------------------------	---------------------

এডিবি'র দায়িত্বপ্রাপ্ত ডিভিশন	হিউম্যান এ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট ডিভিশন, সার্ড (SARD)
-----------------------------------	---

বাস্তবায়নকারী সংস্থা	—
-----------------------	---

■ লিঙ্কসমূহ

প্রকল্প ওয়েবসাইট	http://www.adb.org/projects/42466-014/main
-------------------	---

প্রকল্প উপাত্তসমূহের তালিকা	http://www.adb.org/projects/42466-014/documents
--------------------------------	---
